সংবাদ

তারিখ ... 14 APR 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ......

# ছাত্রীদের জন্য প্রতিটি কলেজে বাস দেয়ার চিন্তা করছে সরকার : চুমকি

নিজস্ব বার্তা পরিবেশক

সরকার প্রতিটি কলেজে ছাত্রীদের জন্য একটি করে বাস দেয়ার চিন্তা করছে বলে জানিয়েছেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বগুড়ার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধকল্পে বাল্যবিবাহ বন্ধ' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। প্রতিমন্ত্রী বলেন, বাড়ির কাছাকাছি প্রাইমারি ও হাইস্কুল থাকলেও কলেজ অনেক দূর থাকে। এত দূরে গিয়ে কলেজে পড়তে অনেক সময় ছাত্রীরা নিরাপত্তাহীনতায় ভোগে। এই সমস্যার কারণে অনেক মেয়ের,পড়াশোনা বন্ধ হয়ে যায় এবং তাদের বিয়ে হয়ে যায়। এটাও বাল্যবিবাহের অন্যতম কারণ। ছাত্রীদের এই সমস্যা সমাধানে প্রতিটি কলেজে শুধু ছাত্রীদের জন্য একটি করে বাস দেয়ার চিন্তা করছে সরকার। বগুড়ার জেলা প্রশাসক মো. আশরাফ উদ্দিনের সভাপতিত্বে এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলার পুলিশ সুপার মো. আসাদুজ্জামান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব ডা. আমিনুল ইসলামসহ স্থানীয় বিভিন্ন দফতরের প্রধান, বিভিন্ন উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং সাংবাদিকরা। ঢাকা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মতবিনিময় সভায় যোগ দেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী এবং সচিব নাছিমা বেগম এনডিসি। প্রতিমন্ত্রী আরও বলেন, শুধুমাত্র বাল্যবিবাহ বন্ধ করলেই হবে না, বাল্যবিবাহের কারণ নির্ধারণ করে তার প্রতিকার করতে হবে।